# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে দাঁড়ানোর সময় ইমামের জন্য মুস্তাহাব হলো তিনি মুক্তাদীদেরকে কাতার সোজা করার নির্দেশ দিবেন

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْإِمَامِ أَنْ يَأْمُرَ الْمَأْمُومِينَ بِتَسْوِيَةِ الصُّفُوفِ وَاعْتِدَالِهَا عِنْدَ قِيَامِهِ إِلَى الصَّلَاةِ

---

আরবী

2167 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلَانَ حَدَّثَنَا بِشْرُ بْنُ السَّرِيِّ حَدَّثَنَا مُصْعَبُ بْنُ ثَابِتِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ حَدَّثَنَا محمد بن مسلم بن حباب عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ عُمَرَ لَمَّا زَادَ فِي الْمَسْجِدِ غَفَلُوا عَنِ الْعُودِ الَّذِي كَانَ فِي الْقِبْلَةِ قَالَ أَنَسٌ: أَتَدْرُونَ لِأَيِّ شَيْءٍ جُعِلَ ذَلِكَ الْعُودُ؟ فَقَالُوا: لَا فَقَالَ: أن النبي صلى الله عليه وسلم كان إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ أَخَذَ الْعُودَ بِيَدِهِ الْيُمْنَى ثُمَّ الْتَفَتَ فَقَالَ: (اعْدِلُوا صُفُوفَكُمْ وَاسْتَوُوا) ثُمَّ أَخَذَ بِيَدِهِ الْيُسْرَى ثُمَّ الْتَفَتَ فَقَالَ:
(اعْدِلُوا صفوفكم).
الراوي : مُصْعَبُ بْنُ ثَابِتِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2167 | خلاصة حكم المحدث: ضعيف – ((ضعيف أبي داود)) (102).

বাংলা

২১৬৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “উমার রাদ্বিয়াল্লাহু আনহু যখন মাসজিদে নববী সম্প্রসারণ করেন, তখন লোকজন ঐ খুঁটি সম্পর্কে অমনোযোগী হয়ে যান, যা কিবলার দিকে ছিল। আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তোমরা কি জানো এই লাঠিটি কিজন্য ছিল?” আমরা বললাম, “জ্বী, না।” তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে দাঁড়াতেন, তখন তিনি ডান হাতে গ্রহণ করতেন, তারপর ডান দিকের কাতারের দিকে তাকিয়ে বলতেন, اعْتَدِلُوا سَوُّوا صفوفكم (আপনারা সোজা হয়ে

দাঁড়ান এবং আপনাদের কাতারগুলো সমান করুন), তারপর তিনি এই লাঠি বাম হাতে গ্রহণ করতেন এবং বাম দিকের কাতারের দিকে তাকিয়ে বলতেন, اعْتَدِلُوا سَوُّوا صفوفكم (আপনারা সোজা হয়ে দাঁড়ান এবং আপনাদের কাতারগুলো সমান করুন)।"[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৬৭০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮১১; বাইহাকী: ২/২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ য'ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (য'ঈফ আবূ দাঊদ: ১০২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন